



চ.বিতে ১৪ কোটি টাকার টেন্ডার নিয়ে ছাত্রদলের বিভিন্ন গ্রুপের মধ্যে উত্তেজনা ॥ সংঘর্ষের আশঙ্কা

চ.বি থেকে সাধারণ জাহান সুমন
১৪ কোটি টাকার নির্মাণ কাজকে কেন্দ্র
করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিরাজ করছে
চরম উত্তেজনা। সরকারদলীয় ছাত্র
সংগঠনের টেঙার ড্রয়ের দিনেই
অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির আশঙ্কার সৃষ্টি
হয়। প্রশাসনের শীর্ষ পর্যায়ে বৈঠকের
মাধ্যমে শিবিরের সমর্থনে ছাত্রদলের
একটি অংশের পক্ষের একটি নির্মাণ
প্রতিষ্ঠানকে এ কাজ দেয়ার পোপন
সমঝোতা হয়েছে বলে অভিযোগ করেছে
ছাত্রদলেরই অন্য একটি অংশ। তারা
গত বৃহস্পতিবার যেকোন কিছুর
বিনিময়ে এই টেন্ডার প্রতিহত করার

ঘোষণা দিয়েছে।

চ.বিতে একটি ছাত্রী হল, একটি তথ্য
প্রযুক্তি ভবন ও একটি শিক্ষক আবাসের
জন্য যোজিত ১৪ কোটি টাকার টেন্ডারের
ড্র আজ অনুষ্ঠিত হবে। চ.বি প্রশাসন এ
ব্যাপারে পত্রিকায় দরপত্র আহ্বান
করলেও প্রশাসনেরই একটি অংশের
সহযোগীতায় এ নির্মাণ কাজ একটি
সুনির্দিষ্ট প্রতিষ্ঠানকে দেয়ার পরিকল্পনা
নেয়া হয়েছে বলে অভিযোগ করেছে চ.বি
ছাত্রদলের একটি অংশ। তারা জানায়,
প্রশাসনের শীর্ষ পর্যায়েই এ ব্যাপারে
একটি পোপন বৈঠক হয় কয়েকদিন
আগে।